গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

# ২০১৯-২০২০ অর্থবছরের অক্টোবর ২০১৯ পর্যন্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নজরুল ইসলাম<br>সচিব |
| সভার তারিখ | ২৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০:৩১ মিনিট |
| স্থান | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ... |

**১. উপস্থাপনা**

সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০২০ অর্থবছরে এডিপি'র আওতায় বৈদেশিক সহায়তাপুষ্ট ২২টি প্রকল্প রয়েছে (টিএ ০৬টি, বিনিয়োগ ১৬টি)। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে প্রকল্প সাহায্য খাতে ৯২৮৯.৪৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে। অক্টোবর ২০১৯ পর্যন্ত প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থের ৮১৮.১৭ কোটি টাকা (৮.৮১%) ব্যয় করা হয়।

**২. উন্নয়ন সহযোগী সংস্থাভিত্তিক প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরুপঃ**

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **সংস্থা : ডিএমটিসিএল** | | | |
| ১. ঢাকা মাস ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (১/৭/১২-৩০/৬/২৪) | এমআরটি লাইন-৬ প্রকল্প নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাভিত্তিক বাস্তবায়ন কাজ করার জন্য গুরুত্ব দেয়া হয়। এ প্রকল্পটি বাস্তবায়নের সাথে ঢাকা মহানগরের যানজট ও পরিবহন সংক্রান্ত শৃঙ্খলা নির্ভরশীল। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা উপস্থাপন করা এবং সংশোধিত এডিপিতে বৈদেশিক সহায়তা খাতের অর্থ ব্যয় করার জন্য আরো কার্যকর ব্যবস্থা গ্রহণের উপর জোর দেয়া হয়। পরামর্শকের ভুল নির্দেশনার কারনে অর্থ ব্যয়ে জটিলতা তৈরী হয়ে থাকলে পরামর্শকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে একমত পোষণ করা হয়। কমলাপুর এলাকায় ট্রান্সপোর্ট হাব নির্মাণ করা হবে বিধায় সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করার জন্য পরামর্শ দেয়া হয়। | ক) নির্ধারিত সময়ে এমআরটি লাইন-৬ এর কাজ সম্পন্ন করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাভিত্তিক বাস্তবায়ন কাজ তরান্বিত করতে হবে;<br>খ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা দাখিল করতে হবে;<br>গ) সংশোধিত এডিপিতে বৈদেশিক সহায়তা খাতের অর্থ ব্যয় করার জন্য আরো কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>ঘ) পরামর্শকের ভুল নির্দেশনার কারনে অর্থ ব্যয়ে জটিলতা তৈরী হয়ে থাকলে পরামর্শকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>ঙ) কমলাপুর এলাকায় ট্রান্সপোর্ট হাব নির্মাণ করা হবে বিধায় সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, ডিএমটিসিএল |

| | | | |
|---|---|---|---|
| ২. টিএ ফর এমআরটি লাইন-১ (ইঞ্জিনিয়ারিং সার্ভিস) (১/৭/১৭-৩০/৬/২২) | প্রকল্পটি জুন ২০২২-এ সম্পন্ন হবে। অক্টোবর পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি মাত্র ১৬%। এ প্রকল্পের অঙ্গাভিত্তিক অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা করার জন্য প্রস্তাব/কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে পরামর্শ দেয়া হয়। | ক) প্রকল্পের অঙ্গাভিত্তিক অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;<br>খ) প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা করার জন্য প্রস্তাব/কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক ও ডিএমটিসিএল |
| ৩. এমআরটি লাইন-১ নির্মাণ (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৬ ) | এমআরটি লাইন-১ বাস্তবায়নের জন্য ৫২,৫৬১.৪৩ কোটি টাকা ব্যয় সম্বলিত বিনিয়োগ প্রকল্প অনুমোদিত হয়েছে। প্রকল্পের ডিটেইল্ড ডিজাইন এখনো সম্পন্ন হয়নি। এ অবস্থায়, বিনিয়োগ প্রকল্পের কাজ শুরুর বিষয়ে মন্ত্রণালয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির সভা করার বিষয়ে একমত পোষণ করা হয়। | প্রকল্পের কাজ শুরুর বিষয়ে মন্ত্রণালয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে এবং সেজন্য প্রকল্প পরিচালক একটি কার্যপত্র মন্ত্রণালয়ে দাখিল করবে। | প্রকল্প পরিচালক |
| ৪. এমআরটি লাইন-৫ (নর্দান রুট) নির্মাণ (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৮) | এমআরটি লাইন-৫ (নর্দান রুট) বাস্তবায়নের লক্ষ্যে ৪১,২৩৮.৫৪৭৭ কোটি টাকা ব্যয় সম্বলিত বিনিয়োগ প্রকল্প অনুমোদিত হয়েছে। প্রকল্পের ডিটেইল্ড ডিজাইন এখনো সম্পন্ন হয়নি। এ অবস্থায়, বিনিয়োগ প্রকল্পের কাজ শুরুর বিষয়ে মন্ত্রণালয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির সভা করার বিষয়ে একমত পোষণ করা হয়। | প্রকল্পের কাজ শুরুর বিষয়ে মন্ত্রণালয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে এবং সেজন্য প্রকল্প পরিচালক একটি কার্যপত্র মন্ত্রণালয়ে দাখিল করবে। | প্রকল্প পরিচালক |
| **সংস্থা : বিআরটিসি** | | | |
| ৫. বিআরটিসি'র জন্য বাস সংগ্রহ (১/২/১৬-৩০/৬/২০) | প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন। ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনকে অনুরোধ করা হয়। | ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনকে অনুরোধ করা হলো। | পরিকল্পনা কমিশন |
| জিওবি প্রকল্প<br>৬. দক্ষ চালক তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিসি'র ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র অধুনিকায়ন ও শক্তিশালীকরণ (১/২/১৮-৩০/৬/২০) | এ প্রকল্পের আওতায় কি কি কাজ এ পর্যন্ত সম্পন্ন হয়েছে এবং কি কি কাজ বাকি আছে তার একটি সুনির্দিষ্ট বিবরণ মন্ত্রণালয়ে দাখিল করা এবং নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। | ক) এ প্রকল্পের আওতায় কি কি কাজ এ পর্যন্ত সম্পন্ন হয়েছে এবং কি কি কাজ বাকি আছে তার একটি সুনির্দিষ্ট বিবরণ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;<br>খ) প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক ও চেয়ারম্যান, বিআরটিসি |
| **সংস্থা : ডিটিসিএ** | | | |
| ৭. ঢাকা ইনট্রিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট (১/৭/১৫-৩১/১২/১৯) | প্রকল্পের জন্য সিডি/ভ্যাটের বরাদ্দ পাওয়া গিয়েছে। ডিসেম্বর ২০১৯-এর মধ্যে সকল কাজ সম্পন্ন করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়। | ডিসেম্বর ২০১৯-এর মধ্যে সকল কাজ সম্পন্ন করে একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | নির্বাহী পরিচালক |
| ৮. দি ফিজিবিলিটি স্ট্যাডি অন ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট (এমআরটি লাইন-১ এন্ড এমআরটি লাইন-৫) প্রজেক্ট | প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়নি। সেজন্য মেয়াদ বৃদ্ধি প্রয়োজন হবে। মেয়াদ বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করার পরামর্শ দেয়া হয়। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| জিওবি প্রকল্প<br>৯. দি ফিজিবিলিটি স্ট্যাডি অন বাস র‌্যাপিড ট্রানজিট (বিআরটি) লাইন-৭ (০১-০৯-২০১৮ হতে ২৯-০২-২০২০) | প্রকল্পের মেয়াদ জুন-২০২০ পর্যন্ত বৃদ্ধি করতে হবে। সেজন্য আইএমইডি'র মতামত পাওয়া গিয়েছে। পরিপত্র অনুযায়ী মেয়াদ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইনসেপশন রিপোর্ট পাওয়ার পর পর্যালোচনা করে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করার নির্দেশনা দেয়া হয়। | ক) পরিপত্র অনুযায়ী মেয়াদ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>খ) ইনসেপশন রিপোর্ট পাওয়ার পর পর্যালোচনা করে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক |
| **সংস্থা : সড়ক ও জনপথ অধিদপ্তর** | | | |
| ১০. তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ (১/৭/০৩-৩১/১২/১৯) | প্রকল্পের কার্যক্রম সম্পন্ন হয়েছে। উদ্বোধন করার জন্য তথ্য/উপাত্ত মন্ত্রণালয়ে দাখিল করার পরামর্শ দেয়া হয়। | প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজ উদ্বোধন করার জন্য তথ্য/উপাত্ত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ১১. নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মান প্রকল্প (১/১১/১০-৩০/৬/২১) | প্রকল্পের বিওকিউ সংশোধন করে বকেয়া বিল পরিশোধ করা সম্ভব হবে বলে প্রকল্প পরিচালক জানান। প্রকল্পের ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য বলা হয়। | ক) প্রকল্পের বিওকিউ সংশোধন করে বকেয়া বিল পরিশোধ করতে হবে;<br>খ) প্রকল্পের ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক ও সওজ অধিদপ্তর |
| ১২. বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ (১/৪/১২-৩০/৪/২১) | প্রকল্প পরিচালক জানান যে, পটুয়াখালী প্রান্তের ভূমি পুরোপুরি বুঝিয়ে দেয়া হয়নি বিধায় ঠিকাদার সময়মত কাজ শুরু করতে পারেনি। সেজন্য ঠিকাদার বর্ধিত সময় দাবি করেছেন। বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা করে এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য বলা হয়। | ঠিকাদার কর্তৃক দাবিকৃত বর্ধিত সময়ের বিষয়ে বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ১৩. গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি গাজীপুর-এয়ারপোর্ট) (১/১২/১২-৩০/৬/২০) | সভায় বিআরটি কোম্পানির আইন অনুযায়ী বিধি প্রণয়নের জন্য নির্দেশনা দিয়ে বাসের স্পেশিফিকেশন এবং যথাযথ পদ্ধতি অনুসরনে লোগো চুড়ান্ত করার জন্য গুরুত্ব আরোপ করা হয়। | ক) বিআরটি কোম্পানির আইন অনুযায়ী বিধি প্রণয়ন কাজ শুরু করতে হবে;<br>খ) বাসের স্পেশিফিকেশন এবং যথাযথ পদ্ধতি অনুসরনে লোগো চুড়ান্ত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ১৪. SASEC Road Connectivity: Improvement of Joydebpur-Chandra-Tangail-Elenga-Road (N-4) to 4-lane Highway (৭/৪/১৩-৩০/৬/২০) | ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ দেয়া হয়। আগামী সভায় এর অগ্রগতি জানানোসহ চলমান প্রতিটি কাজের সময়ভিত্তিক পরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল করা এবং সড়ক নির্মাণ কাজে কোন ত্রুটি থাকলে তা চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে জানানোর জন্য বলা হয়। | ক) ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;<br>খ) আগামী সভায় ভূমি অধিগ্রহণ অগ্রগতি জানানোসহ চলমান প্রতিটি কাজের সময়ভিত্তিক পরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;<br>গ) সড়ক নির্মাণ কাজে কোন ত্রুটি থাকলে তা চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ১৫. ২য় কাঁচপুর, ২য় মেঘনা, ২য় গোমতী সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু সমুহের পুনর্বাসন প্রকল্প (১/৪/১৩-৩১/১০/২১) | এ প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রসঙ্গক্রমে, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মদনপুর ইন্টারসেকশন, মুগরাপাড়া ও সাইনবোর্ড এলাকায় উপযুক্ত ইন্টারসেকশন নির্মাণের জন্য ইতোপূর্বে প্রদত্ত নির্দেশনা আলোকে কি কি ব্যবস্থা নেয়া হয়েছে সে বিষয়টি অবহিত করার জন্য পুনরায় পরামর্শ দেয়া হয়। | ক) প্রকল্পের কাজ দ্রুত শেষ করতে হবে;<br>খ) ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মদনপুর ইন্টারসেকশন, মুগরাপাড়া ও সাইনবোর্ড এলাকায় উপযুক্ত ইন্টারসেকশন নির্মাণের জন্য ইতোপূর্বে প্রদত্ত নির্দেশনা আলোকে কি কি ব্যবস্থা নেয়া হয়েছে সে বিষয়টি অবহিত করতে হবে। | প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ১৬. মাতারবাড়ি কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ (১/৭/১৫-৩০/৬/২০) | ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা এখনও সমাধান হয়নি। বিষয়টি জেলা প্রশাসক, কক্সবাজার এর সাথে যোগাযোগ করে ত্বরান্বিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। | ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতার বিষয়ে জেলা প্রশাসক, কক্সবাজার এর সাথে যোগাযোগ করে ত্বরান্বিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ১৭. ডব্লিউবিবিআইপি (১/১০/১৫-৩০/৬/২০) | গত সভায় ঝিনাইদহে ব্রিজ নির্মাণকালে গার্ডার পড়ে যাওয়ার বিষয়টি তদন্ত করে এর দায়-দায়িত্ব নির্ধারণ, সমাপ্ত ব্রিজসমূহের তালিকা এ বিভাগে প্রেরণের নির্দেশনা দেয়া হলেও কোন তথ্য প্রেরণ করা হয়নি। তথ্যাদি প্রেরণের নির্দেশনা দেয়া হয়। | ক) গত সভায় ঝিনাইদহে ব্রিজ নির্মাণকালে গার্ডার পড়ে যাওয়ার বিষয়টি তদন্ত করে এর দায়-দায়িত্ব নির্ধারণ করতে হবে;<br>খ) সমাপ্ত ব্রিজসমূহের তালিকা এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ১৮. ক্রস-বর্ডার রোড নেটওয়ার্াক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ) (১/৪/১৬-৩০/৬/২২) | এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন সেতু/কালভার্ট সমূহের প্রতিটির অগ্রগতি ও সমস্যাদি থাকলে তা চিহ্নিত করে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জানানোর জন্য নির্দেশনা দেয়া হয়। প্রকল্প কার্যালয় হতে নিয়মিত পরিদর্শন করা হয় কি-না তা জানানো এবং পরিদর্শন করা হয়ে থাকলে বিবরণী দাখিল করার জন্য বলা হয়। | ক) এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন সেতু/কালভার্ট সমূহের প্রতিটির অগ্রগতি ও সমস্যাদি থাকলে তা চিহ্নিত করে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জানাতে হব;<br>খ) প্রকল্প কার্যালয় হতে নিয়মিত পরিদর্শন করা হয় কি-না তা জানাতে হবে এবং পরিদর্শন করা হয়ে থাকলে বিবরণী মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ১৯. সাসেক সংযোগ সড়ক-২: হাটিকামরুল- রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (০১/৯/১৬-৩১/৮/২১) | ধোপাকান্দি-তে নির্মিতব্য স্টিল ব্রিজের নির্মাণ কাজ আবশ্যিকভাবে আগামী ঈদুল ফিতরের পূর্বেই সম্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রকল্পের আওতায় অতিরিক্ত ভূমি ও অর্থের প্রয়োজন হলে তার সুনির্দিষ্ট হিসাব দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়। ধীরগতির যানবাহনের জন্য লেন নির্মাণে ডিজাইনগত কোন পরিবর্তন হলে বাস্তবতার নিরীখে তা কতটুকু সম্ভব সেটা হিসাব করে মন্ত্রণালয়কে জানানো এবং স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করার জন্য একমত পোষণ করা হয়। | ক) ধোপাকান্দি-তে নির্মিতব্য স্টিল ব্রিজের নির্মাণ কাজ আবশ্যিকভাবে আগামী ঈদুল ফিতরের পূর্বেই সম্পন্ন করতে হবে;<br>খ) প্রকল্পের আওতায় অতিরিক্ত ভূমি ও অর্থের প্রয়োজন হলে তার সুনির্দিষ্ট হিসাব দাখিল করতে হবে;<br>গ) ধীরগতির যানবাহনের জন্য লেন নির্মাণে ডিজাইনগত কোন পরিবর্তন হলে বাস্তবতার নিরীখে তা কতটুকু সম্ভব সেটা হিসাব করে মন্ত্রণালয়কে জানাতে হবে এবং স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২০. সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ (১/১/১৭-৩০/০৬/২০) | সভাকে অবহিত করা হয় যে, ১৮টি প্যাকেজের বিষয়ে এখনো এক্সিম ব্যাংকের মতামত পাওয়া যায়নি। সভাকে আরো জানানো হয় যে, দিল্লীতে ২৫-২৬ নভেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ত্রিপক্ষিয় সভায় এক্সিম ব্যাংকের সাথে সওজ অধিদপ্তরের একটি আলোচনা সভা করার জন্য সিদ্ধান্ত হয়েছে মর্মে জানা যায়। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়। | দিল্লীতে ২৫-২৬ নভেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ত্রিপক্ষিয় সভার সিদ্ধান্ত অনুযায়ী এক্সিম ব্যাংকের সাথে সওজ অধিদপ্তরের একটি আলোচনা সভা আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২১. আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে ৪-লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ (১/৪/১৭-৩০/৬/২০) | প্রকল্প পরিচালক জানান যে, এলওসি ফান্ডের বিষয়ে ভারতীয় হাইকমিশন, এক্সিম ব্যাংকের প্রতিনিধি ও ইআরডির সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। অতিরিক্ত চাহিত অর্থ প্রদানের বিষয়ে এক্সিম ব্যাংক সম্মতি জ্ঞাপন করেছে। প্রকল্পের প্যাকেজভিত্তিক কাজের পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলা হয়। | অতিরিক্ত চাহিত অর্থ প্রদানের বিষয়ে এক্সিম ব্যাংক সম্মতি জ্ঞাপন করেছে বিধায় প্রকল্পের প্যাকেজভিত্তিক কাজের পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক ও সওজ অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ২২. রাজাপুর-নৈকাঠি-বেকুটিয়া-পিরোজপুর সড়কের (জেড-৮৭০২) ১২তম কিলোমিটারে বেকুটিয়া কঁচা নদীর উপর ৮ম বাংলাদেশ চীন মৈত্রী সেতু নির্মাণ (১/১০/১৭-৩১/১২/২১) | সিডি/ভ্যাটের টাকা অতিরিক্ত প্রয়োজন হলে ডিপিপি সংশোধনপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। একই সাথে প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা আগামী রিভিউ সভার পূর্বে সম্পন্ন করার জন্য বলা হয়। | ক) সিডি/ভ্যাটের টাকা অতিরিক্ত প্রয়োজন হলে ডিপিপি সংশোধনপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>খ) প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা আগামী রিভিউ সভার পূর্বে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী |
| ২৩. ইমারজেন্সি এসিস্ট্যান্স প্রজেক্ট কক্সবাজার-টেকনাফ রোড (এন-১) ইমপ্রুভমেন্ট প্রজেক্ট ১/১০/১৮-৩০/৬/২১) | প্রকল্পের কাজ চলমান রয়েছে বলে প্রকল্প পরিচালক জানান। তবে কাজের গতি আরো বৃদ্ধি করার জন্য নির্দেশনা দেয়া হয়। | কাজের গতি আরো বৃদ্ধি করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২৪. Technical Assistance for Sub-Regional Road Transport Project Preparatory Facility-II (১/৭/১৫-৩০/৬/১৯) | নৌ পরিবহন মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয়ের সাথে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | নৌ পরিবহন মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয়ের সাথে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কেইস বাই কেইস ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক |
| অন্যান্য প্রকল্পসমূহ | | | |
| ২৫. ঢাকা সার্কুলার রুট | পরিকল্পনা কমিশন কর্তৃক পিডিপিপি অনুমোদিত হয়েছে। পিডিপিপি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্ব দেয়া হয়। পিডিপিপি'র একটি কপি এআইআইবি-কে দেয়া যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | অনুমোদিত পিডিপিপি'র একটি কপি এআইআইবি-কে দেয়া যেতে পারে। | প্রকল্প পরিচালক<br><br>প্রধান প্রকৌশলী |
| ২৬. সীতাকুন্ড-চট্টগ্রাম-কক্সবাজার ৪-লেনের মেরিন ড্রাইভ এক্সপ্রেসওয়ে নির্মাণ | এলাইনমেন্ট নির্ধারণসহ ফিজিবিলিটি স্ট্যাডি করার জন্য কি কি পদক্ষেপ নেয়া হয়েছে তা জানানোর জন্য নির্দেশনা দেয়া হয়। | এলাইনমেন্ট নির্ধারণসহ ফিজিবিলিটি স্ট্যাডি করার জন্য কি কি পদক্ষেপ নেয়া হয়েছে তা জানাতে হবে। | সওজ অধিদপ্তর |
| ২৭. পিপিপি তালিকাভুক্ত প্রকল্প | পিপিপি তালিকাভুক্ত প্রকল্পসমূহের ওপর একটি অবস্থানপত্র দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়। | পিপিপি তালিকাভুক্ত প্রকল্পসমূহের ওপর একটি অবস্থানপত্র দাখিল করতে হবে। | পিপিপি সেল প্রধান ও সওজ অধিদপ্তর |
| ২৮. এসডিজি | এ বিভাগের সাথে সম্পর্কিত এসডিজির টার্গেটসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে করণীয় নির্ধারণার্থে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়। | এ বিভাগের সাথে সম্পর্কিত এসডিজির টার্গেটসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে করণীয় নির্ধারণার্থে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এসডিজি ফোকাল পয়েন্ট |
| ২৯. পিসিআর | জুন ২০১৯ এ সমাপ্ত যে সকল প্রকল্পের পিসিআর এখনও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি তা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। | জুন ২০১৯ এ সমাপ্ত যে সকল প্রকল্পের পিসিআর এখনও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি তা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল সংস্থা ও প্রকল্প পরিচালক |

৩. আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রকল্প বাস্তবায়নে আন্তরিক ও আরো উদ্যোগী হতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৫.১৯.৫২১

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৬

০৮ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২) সচিব, অর্থ বিভাগ

৩) ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৪) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৭) ই-ইনসি, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা

৮) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১০) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১১) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১২) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

১৩) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

১৪) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

১৫) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড

১৬) যুগ্ম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৭) মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা

১৮) মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম

১৯) অতিরিক্ত প্রধান প্রোকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা

২০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, চট্রগ্রাম জোন, চট্রগ্রাম

২১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, কুমিল্লা জোন, কুমিল্লা

২২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রাজশাহী জোন, রাজশাহী

২৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রংপুর জোন, রংপুর

২৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, খুলনা জোন, খুলনা

২৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল জোন, বরিশাল

২৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ

২৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ

২৮) প্রকল্প পরিচালক, ঢাকা-সিলেট মহাসড়কের ভূলতায় ৪ লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

২৯) প্রকল্প পরিচালক, তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ, গড সাহেব রোড, হিলটপ, রহমতগঞ্জ, চট্টগ্রাম

৩০) প্রকল্প পরিচালক, নারায়নগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, বাসা নং-৬৮, সড়ক নং-১৮, ব্লক-এ, বনানী, ঢাকা

৩১) প্রকল্প পরিচালক, বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ, সড়ক গবেষণাগার, ঢাকা

৩২) সাসেক রোড কানেক্টিভিটি প্রজেক্টঃ ইমপ্রুভমেন্ট অব জয়দেবপুর-চান্দ্ররা-টাঙ্গাইল-এলেঙ্গা রোড (এন-৪) টু ৪-লেইন হাইওয়ে, হাউজ নং-১২৭, সড়ক নং-২, ব্লক-এ নিকেতন, গুলশান, ঢাকা-১২১২

৩৩) প্রকল্প পরিচালক, সাসেক সংযোগ সড়ক-২ : হাটিকামরুল-রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ, সড়ক ভবন, তেজগাঁও,ঢাকা

৩৪) প্রকল্প পরিচালক, TA for Sub Regional Road Transport Project Preparatory Facility প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা

৩৫) প্রকল্প পরিচালক, ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রকল্প (ডব্লিউবিবিআইপি), সেতু ভবন, বনানী, ঢাকা

৩৬) প্রকল্প পরিচালক, মাতারবাড়ি কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ, সেতু ভবন, বনানী, ঢাকা

৩৭) ৩৫। প্রকল্প পরিচালক, ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক উন্নয়ন প্রকল্প, ময়মনসিংহ সড়ক সার্কেল, ময়মনসিংহ

৩৮) প্রকল্প পরিচালক, ক্রস-বর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), বাড়ী নং-১০, রোড নং-১, ব্লক-এফ, বনানী, ঢাকা

৩৯) প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সড়ক সার্কেল), এলেন বাড়ী, তেজগাঁও, ঢাকা

৪০) প্রকল্প পরিচালক, সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা

৪১) প্রকল্প পরিচালক, "আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চারলেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ", সড়ক ভবন, কুমিল্লা

৪২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর

৪৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর

৪৪) উপসচিব, রক্ষনাবেক্ষণ শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৫) উপসচিব, জিএফডিপি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৬) উপসচিব, ডিএফডিপি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৮) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৯) উপ প্রধান, সওজ জিওবি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৫০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৫১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর


৫২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর

৫৩) নির্বাহী প্রকৌশলী, প্রোগ্রামিং বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর

৫৪) নির্বাহী প্রকৌশলী, ইভ্যালুয়েশন বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর

৫৫) সিনিয়র সহকারী প্রধান, বৈদেশিক সহায়তা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৫৬) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



দীপ জন মিত্র

সহকারী প্রধান (অতিরিক্ত দায়িত্ব)